দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY ... 1989 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ৩ ...

## কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহবান

# শিক্ষা ও শিক্ষক সমাজের স্বার্থে ২২ দাবী মেনে নিন

**স্টাফ রিপোর্টার ঃ** কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দ গতকাল জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দেশের শিক্ষা ও শিক্ষক সমাজের স্বার্থে অবিলম্বে ২২ দফা দাবীনামা মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছেন। এজন্য আসন্ন বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের দাবী জানিয়ে তারা বলেছেন, দেশের সর্বস্তরের শিক্ষক সমাজের এসব ন্যায্য দাবী অবিলম্বে বাস্তবায়নের ব্যবস্থা করা না হলে শীঘ্রই সারাদেশের শিক্ষক-কর্মচারীদের স্বার্থে ঐক্যবদ্ধ আন্দোলনে নামতে সমিতি কর্মসূচী দেবে।

সংবাদ সম্মেলনে ২২ দফা দাবীনামার মধ্যে জরুরী ভিত্তিতে অন্তত ৭টি দাবী মেনে নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সুদৃষ্টি কামনা করা হয়। এগুলো হচ্ছে— শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের লক্ষ্যে ও প্রধানমন্ত্রীর আশ্বাস অনুযায়ী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের, শিক্ষক-কর্মচারীদের বেতন বাবদ প্রদত্ত সরকারী অংশ ৮০% থেকে ১০০%-এ উন্নীত করা এবং এ লক্ষ্যে আসন্ন বাজেটে অর্থ বরাদ্দ করা, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের উৎসব ভাতা ও যথোপযুক্ত বাড়ী ভাড়া ভাতা প্রদান করা, বেসরকারী কলেজগুলোতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতিদানের ক্ষেত্রে বর্তমানের অনুপাত প্রথা তুলে দিয়ে যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে পদোন্নতি দেয়া এবং এজন্য বেসরকারী কলেজগুলোতে সহযোগী অধ্যাপক ও অধ্যাপক, পদ সৃষ্টি করা, অনতিবিলম্বে কুখ্যাত জনবল কাঠামো বাতিল করা, অনতিবিলম্বে ট্রাস্টি বোর্ডের কার্যক্রম চালু করা, শিক্ষার মান উন্নয়ন ও নকল প্রতিরোধে বাস্তবসম্মত ব্যবস্থা গ্রহণ এবং বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশকে আয়কর মুক্ত করা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোঃ আখতারুজ্জামান, সহ-সভাপতি ডঃ রঙ্গলাল সেন, অধ্যাপক শফিকুল মাওলা, অধ্যক্ষ আঃ রশীদ, অধ্যক্ষা দেলোয়ারা ইসলাম, অধ্যাপিকা শামসে আরা, অধ্যাপক মনির হোসেন, অধ্যাপক নজরুল মজিদ বেলাল, অধ্যাপক এম এ বারী, অধ্যাপক আবু বকর চৌধুরী